ii. নির্দেশনার ক্ষেত্রে শিক্ষণীয় বিষয়বস্তু যেখানে যেখানে প্রয়োজন বিভক্ত হয় নির্দিষ্ট উদ্দেশ্যকে সামনে রেখে যুক্তিভিত্তিক শর্তানুযায়ী স্তর অনুসারে সজ্জিত করা হয়।

iii. নির্দেশনার ক্ষেত্রে শিক্ষার্থী তার নিজের সামর্থ্য অনুসারে নেওয়ার সুযোগ লাভ অনেক বেশি, ব্যক্তিবৈষম্যের নীতিকে নির্দেশনায় অনেকখানি গুরুত্ব দেওয়া হয়।

iv. অনেক সময় নির্দেশনায় শিক্ষকের বিকল্প হিসাবে আধুনিক যান্ত্রিক ব্যবস্থা, যেমন — কম্পিউটার, রেডিও, টেলিভিশন, ভিডিও, টিচিং মেশিন, এবং প্রোগ্রাম নির্দেশনা ব্যবহার হয়েছে।

Q. শিক্ষণ ও নির্দেশনার পার্থক্য। → 149 Page-Book.

Q. শিক্ষণ মডেল কী? (Models of Teaching):-

শিক্ষণ মডেল হল একটি ধরন বা পরিকল্পনা যা কোনো পাঠক্রম বা কোর্সকে রূপদান করতে, নির্দেশনাগত উপাদান নির্বাচনে এবং শিক্ষকের কাজে নির্দেশনাদান করতে ব্যবহৃত হয়।

Paul D. Eggen এর মতে,- "মডেল হল নির্দেশিত শিক্ষণ কৌশল যা সুনির্দিষ্ট নির্দেশনাগত উদ্দেশ্য সাধনের নকশা তৈরি করে।

Jangira and Others এর মতে,- শিক্ষণ মডেল হল পর্যায়ক্রমিক ভাবে সুসজ্জিত পারস্পরিক সম্পর্কযুক্ত উপাদানের সেট যা নির্দিষ্ট লক্ষ্যকে উপলব্ধি করার জন্য সঠিক নির্দেশনা দেয়, এটি নির্দেশনামূলক কর্মসূচির নকশা প্রস্তুত করতে, কর্মসূচিকে এগিয়ে নিয়ে যেতে এবং উদ্দেশ্য বুঝতে সাহায্য করে।

H C Wyld এর মতে,- শিক্ষণ মডেল ব্যবহৃত হয় আচরণকে সুনিয়মিত করতে, গঠন করতে, এবং অন্যের কাছে নির্দেশনা দিতে নির্দিষ্ট শিক্ষণ নকশা বা ধারণা অনুসারে।

# শিক্ষণ মডেলের বৈশিষ্ট্য :—

শিক্ষণ মডেলের বৈশিষ্ট্য গুলি হল —

i. বিজ্ঞানভিত্তিক কর্মসূচী :-
শিক্ষণ মডেল অনিয়ন্ত্রিত ঘটনাসমূহের সমন্বয় নয়, শিক্ষার্থীদের আচরণ সংশোধনের, ধারাবাহিক কর্মসূচি, নির্দিষ্ট অর্থ এবং নির্দিষ্ট শিখন তত্ত্বকে ভিত্তি করেই প্রণালিকে কার্যকরী করা হয়,

ii. শিখনের ফল নির্দিষ্টকরণ :-
সব শিক্ষণ মডেল, শিক্ষার্থীদের পর্যবেক্ষণযোগ্য পারদর্শিতার মাধ্যমে শিখনের ফলগুলিকে নির্দিষ্ট হয়,

iii. পরিবেশ নির্দিষ্টকরণ :-
শিক্ষক কোন পরিস্থিতিতে পাঠ দান করবেন এবং শিক্ষার্থী কোন পরিবেশে প্রতিক্রিয়া করবে তা মডেলের বিভিন্ন অংশে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করে থাকে।

iv. পারদর্শিতা নির্ণায়ক :-
শিক্ষণ মডেলগুলি শিক্ষার্থীর কাছ থেকে কী ধরনের পারদর্শিতা আশা করা হচ্ছে অর্থাৎ একটি গ্রহণযোগ্য পারদর্শিতার বৈশিষ্ট্যাবলি নির্দিষ্ট করে দেয়,

v. কার্যপ্রণালী নির্দিষ্টকরণ :-
শিক্ষার্থীরা পরিবেশের সাথে কী ধরনের প্রতিক্রিয়া করবে তা পরিমাপ করার জন্য প্রয়োজনীয় Operation-গুলি শিক্ষণ মডেলে উল্লেখ করা থাকে,

vi. ব্যক্তিগত পার্থক্য :-
শিক্ষণ মডেল শিক্ষার্থীদের শিখনের হার, শিখন প্রবণতা, শিখন প্রস্তুতি, শিখন শৈলী এবং শিক্ষার্থীর অন্যান্য গুণাবলি বিবেচনা করে,

vii. সঠিক অভিজ্ঞতার উপস্থাপন :-
শিক্ষণ মডেল শিক্ষক এবং শিক্ষার্থী উভয়ের নিকট বিভিন্ন ধরনের অভিজ্ঞতা সরবরাহ করে, এই অভিজ্ঞতা সাধারণ অভিজ্ঞতা নয় বরং বিন্দু বিশেষ তথ্য, তত্ত্ব এবং দর্শন,

Q. শিক্ষণ মডেলের মৌলিক উপাদানগুলি নিয়ে আলোচনা কর।

প্রত্যেক শিক্ষণ মডেলের কিছু সাধারণ ধারণা বা উপাদান থাকে যা ওই মডেলের মূল ভিত্তি, সেগুলি হল – a. Focus. b. Syntax, c. Principles of reaction d. Social system, e. Support System. f. Application.

a. ফোকাস (Focus):–

ফোকাস হল শিক্ষণ মডেলের মূল ভিত্তি বা কেন্দ্র, মডেলের ফোকাস মূলত শিক্ষণের উদ্দেশ্য নিয়ে গঠিত, সুতরাং শিক্ষণের উদ্দেশ্য হল যে কোনো শিক্ষণ মডেলের ফোকাস,

b. সিনট্যাক্স (Syntax):–

Syntax বলতে শিক্ষণ মডেলের কার্যকরী দিকের বিবরণকে বোঝায়, অর্থাৎ শিক্ষণ পরিচালনের সময় শিক্ষক কী কী করবেন, তার ধারাবাহিক বিবরণ এই অংশে লিপিবদ্ধ করা হয়,

c. সামাজিক ব্যবস্থা বা তন্ত্র (Social System):–

শিক্ষণ মডেলের সাংগঠনিক অবস্থাকে বলা হয় Social System, যে-কোনো শিক্ষণের ক্ষেত্রে শিক্ষক এবং শিক্ষার্থী উভয়ের সক্রিয় ভূমিকা থাকে, তাদের পারস্পরিক সম্পর্ক শিক্ষণের সামাজিক পরিবেশ রচনা করে, ভিন্ন ভিন্ন মডেলে Social System ভিন্ন হয়, কোনো কোনো মডেল শিক্ষককেন্দ্রিক, আবার কোনোটি শিক্ষার্থী কেন্দ্রিক, ওই মডেলের ধরন অনুযায়ী Social System-এর বৈশিষ্ট্য ঠিক করে নিতে হয়,

d. সহযোগী তন্ত্র (Support System):–

শিক্ষণ মডেলের Support System বলতে বিশেষ উপকরণ বা সামগ্রীকে বোঝায়, শিক্ষণকে কার্যকরী করার জন্য শিক্ষক যে সমস্ত সহায়ক উপকরণ ব্যবহার করেন সেগুলি শিক্ষণ মডেলের সহযোগী উপকরণ বা Support System যেমন- Visual, Audio-visual aids ইত্যাদি, আবার কোনো কোনো ক্ষেত্রে বিষয়বস্তুকে একটি নির্দিষ্ট বিন্যাসে শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করা হয় যা Support System-এর অন্তর্গত,

৫. প্রতিক্রিয়ার নীতি (Principle of Reaction):-

কোনো শিক্ষণ মডেলের Principle of Reaction বলতে শিক্ষক যে নীতি অনুসরণ করে শ্রেণীতে তাঁর প্রতিক্রিয়া নির্ধারণ করবেন তার বিবরণকে বোঝায়, শিক্ষকের প্রতিক্রিয়া নীতি ঠিক করে দেবে, তিনি শিক্ষার্থীদের সাথে কী ধরনের আচরণ করবেন।

৬. প্রয়োগ (Application):-

এটি মডেলের প্রায়োগিক দিক। কোনো মডেল সংক্ষিপ্ত কার্য, কোনো মডেল বিস্তৃত কার্য এবং কোনো মডেল উভয় ধরনের কাজের জন্য ব্যবহার হয়ে থাকে। জ্ঞানমূলক, বোধমূলক ও প্রয়োগমূলক স্তরের উদ্দেশ্য অর্জনের প্রকৃতির ভিন্নতার উপর ভিত্তি করেও বিভিন্ন ধরনের মডেল দেখা যায়; তাই এই উপাদানটি শিক্ষণ-শিখনের বিভিন্ন ক্ষেত্রে শিক্ষণ মডেলগুলির ব্যবহারগত দিকটিকে নির্দেশ করে।

৩. শিক্ষণ মডেলের গুরুত্ব বা কার্যাবলি আলোচনা কর। (Significance or Functions of a Teaching Model):-

শিক্ষণ মডেলের গুরুত্ব বা কার্যাবলি গুলি হল—

i. নির্দেশনা (Guidance):-

শিক্ষণ মডেল হল শিক্ষকের পথ প্রদর্শনকারী, উপযুক্ত শিক্ষণ কৌশল নির্বাচন করা, শিক্ষণ পদ্ধতির কার্যকরী ব্যবহার করার জন্য গৃহীত শিক্ষণ পদ্ধতি এবং বিষয়বস্তু সমূহের নির্বাচন ও কার্যকরী ব্যবহার উপযুক্তভাবে করা যাতে শিক্ষণ আচরণগত লক্ষ্যের বাস্তবায়ন করা যায়।

ii. আচরণের কাম্য পরিবর্তন আনতে সহায়তা:-

শিক্ষণ মডেল শিক্ষার্থীদের আচরণের কাম্য পরিবর্তন আনতে সহায়তা করে।

iii. পরিবেশগত উপাদান সৃষ্টি করা:-

শিক্ষণ মডেল পাঠকক্ষে পরিবেশগত উপাদান ও পরিস্থিতি সৃজন করার পথনির্দেশ করে ও উপায় বাতলে দেয় যাতে শিক্ষণ প্রক্রিয়া চালিয়ে যাওয়া সহজ হয়।

iv. শিক্ষক শিক্ষার্থীর মিথষ্ক্রিয়া :-

শিক্ষণ প্রক্রিয়া চলাকালীন শিক্ষক-শিক্ষার্থীর বাঞ্ছিত মিথষ্ক্রিয়া অর্জন করতে সহায়তা করে।

v. পাঠক্রম প্রস্তুতিতে সহায়তা করা :-

শিক্ষণ মডেলগুলির একটি কাজ হল যথাযোগ্য পাঠক্রম গোড়ে তুলতে সহায়তা করা; কোন্ কোন্ বিষয়বস্তু শিক্ষার উদ্দেশ্যগত দিক থেকে উপযোগী তা শিক্ষণ মডেলগুলি নির্ধারণ করে দিতে পারে।

vi. নির্দেশনামূলক / শিক্ষণ মূলক বিষয়বস্তুর যথাযথ নির্বাচনে সহায়তা করা।

vii. শিক্ষামূলক নির্দেশ কৌশল গুলির যথাযথ নকশা নির্মাণ করতে শিক্ষণ মডেল সাহায্য করে।

viii. শিক্ষণ মডেল নতুন শিক্ষামূলক উদ্ভাবনের বিকাশে উৎসাহিত করে।

ix. শিক্ষণ ও শিখনের সম্পর্ক স্থাপন করতে সহায়তা করে।

x. শিক্ষার্থীর সামাজিক কার্যক্ষমতা, ব্যক্তিগত সামর্থ্য ও ক্ষমতা, প্রক্রিয়ামূলক এবং আচরণগত দিকগুলি বিকশিত করতে শিক্ষণ মডেল কার্যকরী।

xi. পাঠ্য উপকরণ নির্বাচন :-

শ্রেণী কক্ষে শিক্ষক কী কী শিক্ষণ সহায়ক উপকরণ ব্যবহার করবেন তা নির্বাচনের ব্যাপারে শিক্ষণ মডেল গুলি বিজ্ঞান সম্মত সিদ্ধান্ত গ্রহণ করতে শিক্ষককে সহায়তা করে।

xii. শিক্ষণ তত্ত্ব গঠন :-

শিক্ষণ মডেলের গুরুত্বপূর্ণ কাজ হল শিক্ষণ তত্ত্ব গঠনে সাহায্য করা, মনোবৈজ্ঞানিক সিদ্ধান্তগুলির বিশ্লেষণ করে শিখন তত্ত্বগুলির ভিত্তিতে শিক্ষণ তত্ত্ব গঠন করা হয়, মডেল হল তার সংক্ষিপ্ত রূপ বা প্রতিরূপ।